# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৩৭১

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ১৩৬. কাপড়ে বীর্য লাগলে

باب الْمَنِيِّ يُصِيبُ الثَّوْبَ

আরবী

حَدَّثَنَا حَفْصُ بْنُ عُمَرَ، عَنْ شُعْبَةَ، عَنِ الْحَكَمِ، عَنْ إِبْرَاهِيمَ، عَنْ هَمَّامِ بْنِ الْحَارِثِ، أَنَّهُ كَانَ عِنْدَ عَائِشَةَ فَاحْتَلَمَ فَأَبْصَرَتْهُ جَارِيَةٌ لِعَائِشَةَ وَهُوَ يَغْسِلُ أَثَرَ الْجَنَابَةِ مِنْ ثَوْبِهِ أَوْ يَغْسِلُ ثَوْبَهُ فَأَخْبَرَتْ عَائِشَةَ فَقَالَتْ لَقَدْ رَأَيْتُنِي وَأَنَا أَفْرُكُهُ مِنْ ثَوْبِ رَسُولِ اللهِ صلي الله عليه وسلم .

ـ صحيح : م

বাংলা

৩৭১। হাম্মাম ইবনুল হারিস সূত্রে বর্ণিত। তিনি ’আয়িশাহ্‌ (রাঃ)-এর মেহমান হলেন। তার স্বপ্নদোষ হলো। ’আয়িশাহ্‌ (রাঃ)-এর এক বাঁদী তাকে কাপড় থেকে বীর্য ধুতে দেখে বিষয়টি ’আয়িশাকে অবহিত করেন। তখন তিনি বলেন, আমি নিজে দেখেছি এবং আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাপড় হতে বীর্য রগড়ে তুলে ফেলেছি।[1]

সহীহ : মুসলিম।

## English

Hammam b. al-Harith reported, he has a sexual dream when he was staying with 'Aishah. The slave girl of 'Aishah saw him while he was washing the mark of defilement, or he was washing his clothe. She informed 'Aishah who said:
He witnessed me rubbing off the semen from the clothe of the Messenger of Allah (ﷺ).

## ফুটনোট

[1] মুসলিম (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ বীর্যের হুকুম), তিরমিযী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ কাপড়ে বীর্য লাগলে, হাঃ ১১৬, ইমাম তিরমিযী বলেন, এ হাদীসটি হাসান সহীহ), নাসায়ী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ কাপড় থেকে বীর্য খুঁটে ফেলা, হাঃ ৫৩৭, ৫৩৮), আহমাদ (৬/৪৩, ১২৫, ১৩৫), ইবনু খুযাইমাহ (অনুঃ বীর্য অপবিত্র নয় এবং তা খুঁটিয়ে ফেলার অনুমতি প্রসঙ্গে, হাঃ ২৮৮), হুমাইদী ‘মুসনাদ’ (হাঃ ১৮৬), সকলেই ইবরাহীম সূত্রে হিশাম থেকে।

-

হাদীস থেকে শিক্ষাঃ

শুষ্ক বীর্য খুঁটে ফেললেই পাক হয়ে যায়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ হাম্মাম ইবনু হারিস (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57689

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন